৪৩ বছর ধরে সাফল্যের শীর্ষে


GK Recent Affairs

Your Merit, Our Schooling, Your Admission...

# GK Highlight

## ডিসেম্বর - ২০২৪

(৩০ নভেম্বর, ২০২৪ পর্যন্ত তথ্য সম্বলিত)




ফোকাস
বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং

FOCUS UNIVERSITY ADMISSION COACHING & GUIDE

# ডিসেম্বর-২০২৪ সাম্প্রতিক সাধারণ জ্ঞান

# বাংলাদেশ বিষয়াবলি

## বাংলাদেশের বিভিন্ন দায়িত্বপ্রাপ্ত প্রধানগণ

| | |
|---|---|
| রাষ্ট্রপতি | মোহাম্মদ সাহাবুদ্দিন চপ্পু (২২ তম) |
| প্রধান বিচারপতি | সৈয়দ রেফাত আহমেদ (২৫ তম) |
| প্রধান নির্বাচন কমিশনার | এ এম এম নাসির উদ্দীন (১৪তম) |
| এটর্নি জেনারেল | মোহাম্মদ আসাদুজ্জামান (১৭ তম) |
| সেনাবাহিনীর প্রধান | জেনারেল ওয়াকার-উজ-জামান (১৮ তম) |
| বিমানবাহিনীর প্রধান | এয়ার চিফ মার্শাল হাসান মাহামুদ খান (১৭ তম) |
| নৌ- বাহিনীর প্রধান | এডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান (১৭ তম) |
| বিজিবি এর প্রধান | মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী |
| পুলিশ প্রধান | বাহারুল আলম (৩৩ তম) |
| ডিএমপি কমিশনার | শেখ মো. সাজ্জাত আলী |
| র‍্যাব প্রধান | এ.কে.এম শহিদুর রহমান (১১ তম) |
| বাংলা একাডেমির বর্তমান মহাপরিচালক | অধ্যাপক ড. মোহাম্মদ আজম |
| বাংলা একাডেমির বর্তমান সভাপতি | আবুল কাশেম ফজলুল হক |
| সরকারি কর্ম কমিশন (PSC | মোবাশ্বের মোনেম (১৬ তম) |
| দুর্নীতি দমন কমিশন | ------- |
| বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) | এস এম এ ফয়েজ |
| বাংলাদেশ ব্যাংকের গর্ভনর | আহসান এইচ মনসুর |
| বাংলাদেশ ক্রিকেট বোর্ড | ফারুক আহম্মেদ |
| বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন | বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী |
| প্রধান উপদেষ্টার মুখ্য সচিব | মো: সিরাজ উদ্দিন মিয়া |
| মন্ত্রিপরিষদ সচিব | ড. শেখ আব্দুর রশিদ (২৫তম) |

## হারানো ব্যক্তিত্ব

**মোহাম্মদ জাকারিয়া পিন্টু (১ জানুয়ারি ১৯৪৩-১৮ নভেম্বর ২০২৪):** মুক্তিযুদ্ধকালীন স্বাধীন বাংলা ফুটবল দল ও স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলের অধিনায়ক। তিনি নওগাঁ জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় দেশের শীর্ষ ফুটবলাররা গঠন করেন 'স্বাধীন বাংলা ফুটবল দল'। দলটি ভারতের বিভিন্ন রাজ্যে ১৬টি ম্যাচে অংশ নেয়। পরে স্বাধীন বাংলাদেশের। প্রথম জাতীয় ফুটবল দলকেও নেতৃত্ব দেন জাকারিয়া পিন্টু। তার অধিনায়কত্বে ১৯৭৩ সালে মালয়েশিয়ার মারদেকা কাপে অংশ নেয় বাংলাদেশ। ১৯৭৮ সালে পান জাতীয় ক্রীড়া পুরস্কার এবং ১৯৯৫ সালে ক্রীড়া বিভাগে স্বাধীনতা পুরস্কার অর্জন করেন।

## চাকরির বয়সসীমা

**চাকরির বয়সসীমা ৩২:** অধ্যাদেশ জারি ১৮ নভেম্বর ২০২৪ সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪' জারি করা হয়। অধ্যাদেশের মাধ্যমে সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর করা হয়। বর্তমানে সংসদ না থাকায় সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে দেওয়া ক্ষমতাবলে রাষ্ট্রপতি এ অধ্যাদেশ জারি করেন।

## নতুন নির্বাচন কমিশন

৩১ অক্টোবর ২০২৪ প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার গঠনের লক্ষ্যে আপিল বিভাগের বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীকে সভাপতি করে ছয় সদস্যের অনুসন্ধান কমিটি গঠন করা হয়। ২০ নভেম্বর ২০২৪ অনুসন্ধান কমিটি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে ১০ জনের নামের তালিকা পেশ করে। এরপর তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদে দেওয়া ক্ষমতাবলে ২১ নভেম্বর ২০২৪ পাঁচ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করেন। ২৪ নভেম্বর ২০২৪ তারা শপথ গ্রহণ করেন। এ কমিশনের অধীনে দেশের ত্রয়োদশ সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

- **প্রধান নির্বাচন কমিশনার:** এ এম এম নাসির উদ্দীন (১৪তম)।
- **৪ নির্বাচন কমিশনার:** আনোয়ারুল ইসলাম সরকার, আবদুর রহমানেল মাসুদ, তহমিদা আহমদ ও আবুল ফজল মো. সানাউল্লাহ।

## অর্থনৈতিক শুমারি ২০২৪

- **সময়কাল:** ১০-২৬ ডিসেম্বর ২০২৪।
- **কততম:** চতুর্থ
- **তথ্য সংগ্রহ পদ্ধতি:** ট্যাবের মাধ্যমে 'ক্যাপি' পদ্ধতিতে শুমারির তথ্য সংগ্রহ করা হবে।
- **শুমারি পরিচালনা করবে:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)
- **অনুষ্ঠিত হয়:** প্রতি ১০ বছর পর।
- উল্লেখ্য, এবারের শুমারিতেই প্রথমবারের মতো দেশে কতজন বিদেশি কর্মী নিয়োজিত, তারা কোন ধরনের প্রতিষ্ঠানে কোন ধরনের পদে কর্মরত রয়েছেন এবং নারী-পুরুষ কতজন সেসব তথ্য তুলে আনা হবে।

University Admission Coaching

## দেশে অরেঞ্জ বন্ড

দেশে বেসরকারি খাতের বিনিয়োগের পথ সহজ করা, লিঙ্গ সমতা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও অর্থনৈতিক উন্নয়নের জন্য 'অরেঞ্জ বন্ড' চালু করবে সরকার। ৭ নভেম্বর ২০২৪ বাংলাদেশে অরেঞ্জ বন্ড প্রবর্তনের বিষয়ে শিরোনামে পরামর্শ সভায় এ কথা জানানো হয়। সভাটির আয়োজনে অর্থায়ন করে। সুইডিশ সরকার ও জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির (UNDP) Governance of Climate Change Finance (GCCF) UNDP Impact Investment Exchange (IIX)-এর সঙ্গে অরেঞ্জ বন্ড চালু করবে।

## বাংলাদেশি বিজ্ঞানীর নতুন মথ আবিষ্কার

নতুন একটি মথের (গণ ও প্রজাতি) নামকরণকারীদের তালিকায় নাম লেখান বাংলাদেশি দম্পতি মো. জহির রায়হান ও সায়েমা জাহান। ছয় মাসের গবেষণার পর এ দম্পতি নতুন মথটির নামকরণ করেন। এর নাম দেন 'প্যারাক্সিনোয়াক্রিয়া স্পিনোসা' (Paraxenoacria spinosa)।

## ২০২৪ এর বিপ্লব পরবর্তী অন্তবর্তীকালীন সরকার

- ৮ আগস্ট ২০২৪ রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন ড. মুহাম্মদ ইউনূসকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে নিয়োগ দেন। একই দিন শপথ গ্রহণের মাধ্যমে অন্তবর্তীকালীন সরকারের যাত্রা শুরু হয়।

| উপদেষ্টাদের নাম | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় |
|---|---|
| ড. মুহাম্মদ ইউনূস | প্রতিরক্ষা, জনপ্রশাসন, মন্ত্রিপরিষদ ও সশস্ত্র বাহিনী। |
| সালেহ উদ্দিন আহমদ | অর্থ, বিজ্ঞান ও প্রযুক্তি |
| ড. আসিফ নজরুল | আইন, বিচার ও সংসদ বিষয়ক, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান। |
| ব্রি. জে. (অব:) ড. সাখাওয়াত হোসেন | নৌ-পরিবহন, শ্রম ও কর্মসংস্থান। |
| এ এফ হাসান আরিফ | ভূমি মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। |
| আদিলুর রহমান | শিল্প ও গৃহায়ন ও গণপূর্ত। |
| মো. তৌহিদ হোসেন | পররাষ্ট্র। |
| সৈয়দা রিজওয়ানা হাসান | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়। |
| শারমিন এস মুরশিদ | সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ড. আ ফ ম খালিদ হোসেন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ফরিদা আখতার | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| নুরজাহান বেগম | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| ফারুক-ই-আজম | মুক্তিযুদ্ধ বিষয়ক এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| সুপ্রদীপ চাকমা | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। |
| অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ওয়াহিদ উদ্দিন মাহমুদ | পরিকল্পনা এবং শিক্ষা মন্ত্রণালয়। |
| আলী ইমাম মজুমদার | খাদ্য মন্ত্রণালয়। |
| মুহাম্মদ ফাওজুল কবির খান | বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়। |
| লে. জে. জাহাঙ্গীর আলম চৌধুরী | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়। |
| নাহিদ ইসলাম | ডাক ও টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| আসিফ মাহমুদ | যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| শেখ বশির উদ্দিন | বাণিজ্য মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| মোঃ মাহফুজ আলম | |
| মোস্তফা সারওয়ার ফারুকী | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

- **প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী:** আব্দুল হাফিজ (অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল)।
- **প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয়ক বিশেষ দূত:** লুৎফে সিদ্দিকী।
- **প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকার প্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ:** ড. খলিলুর রহমান।
- প্রধান উপদেষ্টার রাষ্ট্রীয় বাসভবন- যমুনা।
- অন্তবর্তীকালীন সরকারের নারী উপদেষ্টা- ৪জন।

## বাংলাদেশ-পাকিস্তান সমুদ্র যোগাযোগ

স্বাধীনতার পর প্রথমবারের মতো পাকিস্তানের সাথে সমুদ্র পথে বাংলাদেশের বাণিজ্যিক যোগাযোগ শুরু হয়। ১৩ নভেম্বর ২০২৪ করাচি থেকে পণ্যবাহী একটি কনটেইনার জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছে। পানামার পতাকাবাহী জাহাজটির নাম উয়ান জিয়াং ফা ঝান। জাহাজটি ছিল করাচি থেকে সরাসরি বাংলাদেশের চট্টগ্রামে নোঙর করা প্রথম কোনো জাহাজ। এ জাহাজে ৩৭০ একক কনটেইনার পণ্য ছিল।

University Admission Coaching

## APPG 'র চেয়ারম্যান

ব্রিটেনে অল পার্টি পার্লামেন্টারি গ্রুপের (APPG) চেয়ারম্যান নির্বাচিত হন পূর্ব লন্ডনের পপলার অ্যান্ড লাইমহাউজ আসনের MP আপসানা বেগম। তিনি একজন বাংলাদেশি বংশোদ্ভূত বৃটিশ নাগরিক।

## ICSC 'র সদস্য

৮ নভেম্বর ২০২৪ জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ আবদুল মুহিত আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের (ICSC) সদস্য নির্বাচিত হন। বাংলাদেশ ২০২৫-২০২৮ সাল পর্যন্ত চার বছরের জন্য ICSC'র সদস্য হিসেবে দায়িত্ব পালন করবে। ICSC জাতিসংঘের সাধারণ পরিষদের প্রতিষ্ঠিত একটি স্বাধীন বিশেষজ্ঞ সংস্থা, যা ১৫ সদস্যের সমন্বয়ে গঠিত। এটি জাতিসংঘের মানবসম্পদ ব্যবস্থাপনা, ক্ষতিপূরণ ও এনটাইটেলমেন্ট-সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও সুপারিশ করার জন্য প্রধান সংস্থা।

## তিন পর্বত আরোহণের রেকর্ড তৌকিরের

৪-৩০ অক্টোবর ২০২৪ প্রথম বাংলাদেশি হিসেবে নেপালের ৩টি ছয় হাজার মিটারের পর্বত চূড়া স্পর্শ করেন পাবনার আহসানুজ্জামান তৌকির। কোনো শেরপা সাপোর্ট ছাড়াই সেখানে আরোহণ করেন। তৌকিরের অভিযানের নাম ছিল THREE PEAK IN A ROW।

## মার্কিন নির্বাচনে বাংলা

**ব্যালট পেপারে বাংলা:** ৫ নভেম্বর ২০২৪ মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচনে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ব্যালট পেপারে ইংরেজির পাশাপাশি বাংলা ভাষার ব্যালট পেপারও রাখা হয়। অভিবাসী ভোটারদের সুবিধার জন্য ব্যালট পেপারে ইংরেজির পাশাপাশি ৪টি ভাষা অন্তর্ভুক্তির সিদ্ধান্ত নেয় বোর্ড অব ইলেকশনস নিউইয়র্ক শাখা। এ ভাষাগুলো হলো- চীনা, স্প্যানিশ, কোরিয়ান ও বাংলা।

## জিআই পন্য

- জিআই (Geographical Indications) পণ্য হলো কোনো নির্দিষ্ট অঞ্চলের বিশেষভাবে পরিচিত পণ্য। একটি দেশের মাটি, পানি, আবহাওয়া, জলবায়ু, উৎপাদন পদ্ধতি এবং সংশ্লিষ্ট দেশের জনগোষ্ঠির সংস্কৃতি যদি কোন অনন্য গুণ সম্পন্ন পণ্য উৎপাদন করে তাহলে সেটিকে ঐ অঞ্চলের জিআই পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
- বাংলাদেশে জিআই পণ্যের স্বীকৃতি প্রদান করে শিল্প মন্ত্রণালয়ের অধীনস্ত বিভাগ ডিপিডিটি (Department of Patents, Designs and Trademarks)। উল্লেখ্য 'বাংলাদেশ শিল্প-নকশা আইন' হয় ২০২৩ সালে।
- আন্তর্জাতিক মেধাস্বত্ব সংস্থা WIPO (World Intellectual Property Organization) এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে জিআই পণ্যের স্বীকৃতি প্রদান করা হয়।
- প্রথম জিআই পণ্য: নারায়ণগঞ্জের জামদানি (২০১৬),
- দ্বিতীয় জিআই পণ্য: ইলিশ (২০১৭)
- সর্বশেষ নিবন্ধিত/সনদপ্রাপ্ত ৮ জিআই পণ্য:

| তম | জিআই পণ্য |
|---|---|
| ৪৪ | শেরপুরের ছানার পায়েস |
| ৪৫ | সিরাজগঞ্জের লুঙ্গি |
| ৪৬ | গাজীপুরের কাঁঠাল |
| ৪৭ | কিশোরগঞ্জের রাতা বোরো ধান |
| ৪৮ | অষ্টগ্রামের পনির |
| ৪৯ | বরিশালের আমড়া |
| ৫০ | কুষ্টিয়া কুমারখালির বেডশিট |
| ৫১ | দিনাজপুরের বেদানা লিচু |

## আলোচিত থ্রি জিরো তত্ত্ব

- **প্রবক্তা:** শান্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূস
- **থ্রি জিরো হলো-**
  ১. শূন্য দারিদ্র্য (Zero Poverty),
  ২. শূন্য বেকারত্ব (Zero Unemployment) এবং
  ৩. শূন্য নেট কার্বন নির্গমন (Zero Net Carbon Emissions)।
- **যে গ্রন্থে উল্লেখ করেন:** A World of Three Zeros (২০১৭)
- **বিশ্ব মঞ্চে থ্রি জিরো:**
  - ✓ প্যারিসে ২০২৪ সালের অলিম্পিকের মূল বার্তা ছিল নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের 'থ্রি জিরো'।
  - ✓ ২৭ সেপ্টেম্বর ২০২৪ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনের ভাষণে শান্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূস থ্রি জিরো নিয়ে কথা বলেন।
  - ✓ ১৩ নভেম্বর ২০২৪ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে নতুন বিশ্ব গড়তে জাতিসংঘের জলবায়ু সম্মেলনে (কপ ২৯) 'থ্রি জিরো' তত্ত্ব তুলে ধরেন তিনি।
  - ✓ ড. মুহাম্মাদ ইউনূসের সঙ্গে যৌথভাবে ইতালির রোমে 'পোপ ফ্রান্সিস-ইউনূস থ্রি জিরো ক্লাব' চালু করে খ্রিষ্টান ধর্মগুরু পোপ ফ্রান্সিস।
  - ✓ বিশ্বজুড়ে অন্তত ৪,৬০০টি থ্রি. জিরো ক্লাব রয়েছে ।

University Admission Coaching

## নেপাল থেকে জলবিদ্যুৎ

- ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী নেপাল থেকে ভারতীয় গ্রিড হয়ে বাংলাদেশে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু হয়– ১৫ নভেম্বর ২০২৪।
- পরীক্ষামূলকভাবে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়।

## নাম পরিবর্তন

| পূর্বনাম | বর্তমান নাম | অবস্থান |
|---|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর | জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল | মিরসরাই, চট্টগ্রাম |
| বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক | গাজীপুর সাফারি পার্ক | শ্রীপুর, গাজীপুর |
| বঙ্গবন্ধু ফিল্ম সিটি | বাংলাদেশ ফিল্ম সিটি | কবিরপুর, গাজীপুর |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সাভার, ঢাকা |
| শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট | ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি | ঢাকা |
| শেখ রাসেল ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল | ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল | ঢাকা |

## এক নজরে

- নতুন নামে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়: ২৭ অক্টোবর ২০২৪ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন দুটি দপ্তর/সংস্থা যথাক্রমে 'মহিলাবিষয়ক অধিদপ্তর' ও 'জাতীয় মহিলা সংস্থা'র নামে 'মহিলা' শব্দের পরিবর্তে 'নারী' শব্দ ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়।
- ৩ নভেম্বর ২০২৪ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুই বিভাগকে এক করার বিষয়ে অনুমোদন দেন।
- সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য উদ্ভিদের লাল তালিকা তৈরি করেছে সরকার। ১১ নভেম্বর ২০২৪ 'বাংলাদেশে উদ্ভিদের লাল তালিকা' বই প্রকাশনা অনুষ্ঠান হয়।
- ৩১ অক্টোবর ২০২৪ দেশের প্রথম ক্রীড়া বিষয়ক নিউজ পোর্টাল হিসেবে সরকারের নিবন্ধন পায় 'খেলা ডট কম' (khela.com)।
- সার্ক ফাইন্যান্স নেটওয়ার্কের চেয়ারপারসনের দায়িত্ব নেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর।
- তুরস্কে অনুষ্ঠিত ৯ম আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন বাংলাদেশের হাফেজ মুয়াজ মাহমুদ।
- ১৯ নভেম্বর ২০২৪ কুয়েতে অনুষ্ঠিত ১৩তম আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতার (শিশু হাফেজদের গ্রুপ) ফলাফল ঘোষণা করা হয়। প্রথম স্থান অর্জন করেন বাংলাদেশের হাফেজ আনাস মাহফুজ।
- দুই দিনের সফরে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ভলকার টুর্ক ঢাকায় পৌঁছেন— ২৯ অক্টোবর ২০২৪।
- ছাত্র-জনতার অভ্যুত্থানে হতাহত ব্যক্তিদের পরিবারকে আর্থিক সহায়তা দেওয়া শুরু করে 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন'–০২ নভেম্বর ২০২৪।
- ডা. শাহাদাত হোসেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র হিসেবে শপথ নেন।
- ঢাকায় জাপানের ভিসা আবেদন কেন্দ্র চালু হয়– ০৩ নভেম্বর ২০২৪।
- ইথিওপিয়া বাংলাদেশের সাথে সরাসরি বিমান চলাচল শুরু করে।
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে চেয়ারপারসন করে বাংলাদেশ পরিকল্পনা কমিশন গঠিত হয়।
- উপদেষ্টা পরিষদের ১২তম বৈঠকে 'সাইবার নিরাপত্তা আইন (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়া নীতিগত অনুমোদন হয়।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী লাউঞ্জের উদ্বোধন হয়– ১১ নভেম্বর ২০২৪।
- কুইক রেন্টাল সংক্রান্ত বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর ৯ ধারায় দায়মুক্তির বিধান অবৈধ ঘোষণা করেন হাইকোর্ট।
- জুলাই-অগাস্ট গণহত্যা মামলায় এক মাসের মধ্যে তদন্ত শেষ করার নির্দেশ দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল– ১৮ নভেম্বর ২০২৪।
- উপদেষ্টা পরিষদের বৈঠকে 'আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) সংশোধন অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়া অনুমোদন।
- আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) প্রধান কৌসুলি করিম খান চারদিনের সফরে ঢাকা পৌঁছেন।
- দেশের কাঁচাবাজারে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করে– ০১ নভেম্বর ২০২৪
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রথম শহীদ আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী—শহীদ কবির।
- রাজধানীর প্রথম নারী জেলা প্রশাসক — আফিয়া আখতার।
- বাংলাদেশ সেনাবাহিনীর 'আর্মি এয়ার ডিফেন্স কোরের' যাত্রা শুরু হয়— ১১ নভেম্বর ২০২৪।
- বিমসটেকের পরবর্তী চেয়ারম্যান হবে— বাংলাদেশ।
- খাগড়াছড়ি জেলা পরিষদে প্রথমবারের মতো নতুন নারী চেয়ারম্যান হন— জিরুনা ত্রিপুরা।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন আঞ্চলিক কেন্দ্র অবস্থিত–বগুড়ায়।

# আন্তর্জাতিক বিষয়াবলি

## আমেরিকার নির্বাচন আপডেট

- যুক্তরাষ্ট্রের ৬০ তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়: ৫ নভেম্বর ২০২৪।
- মার্কিন নির্বাচনে হিলারি ক্লিন্টনের পর ২য় নারী হিসেবে প্রার্থী হয়েছেন- কমলা হ্যারিস।
- প্রেসিডেন্ট নির্বাচনে ৫৩৮টি ইলেকট্রাল কলেজ ভোটের মধ্যে প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ২৭০টি আসন পেতে হবে।
- যুক্তরাষ্ট্রের প্রধান রাজনৈতিক দল– ২টি (রিপাবলিকান পার্টি, ডেমোক্রেটিক পার্টি)।

| বৈশিষ্ট্য | রিপাবলিকান পার্টি | ডেমোক্রেটিক পার্টি |
|---|---|---|
| দলীয় প্রতীক | হাতি | গাধা |
| ২০২৪ নির্বাচনে প্রার্থী |  ডোনাল্ড ট্রাম্প (ফ্লোরিডা) |  কমলা হ্যারিস (ক্যালিফোর্নিয়া) |
| প্রতিষ্ঠাতা | টমাস জেফারসন (৩য় প্রেসিডেন্ট) | এন্ড্রু জ্যাকসন (৭ম প্রেসিডেন্ট) |
| প্রতিষ্ঠাকাল | ২০ মার্চ, ১৮৫৪ | ৮ জানুয়ারি, ১৮২৮ |
| প্রথম প্রেসিডেন্ট | আব্রাহাম লিংকন (১৬তম) | এন্ড্রু জ্যাকসন (৭ম) |
| প্রাপ্ত ইলেকট্রাল কলেজ ভোট | ৩১২ | ২২৬ |
| প্রাপ্ত ভোট (শতাংশ) | ৫০% | ৪৮.৩% |
| ২০২৪ নির্বাচনে রানিংমেট | জেমস ডেভিড ভ্যান্স (ওহাইও) | টিম ওয়ালেজ (মিনেসোটা) |
| ২০২৪ নির্বাচনে স্লোগান | Make America Great Again! | Let's win this! |
| ইশতেহার | Project 2025 | Freedom, Investing in America |

## মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভা

**আইনসভা:** ২ কক্ষবিশিষ্ট। যথা:

১. উচ্চকক্ষ (নাম - সিনেট): আসন ১০০।

২. নিম্নকক্ষ (নাম - হাউস অব রিপ্রেজেন্টেটিভস): আসন ৪৩৫।

**নোট:** সিনেটে ৫০টি অঙ্গরাজ্য থেকে ২ জন করে প্রতিনিধি (সিনেটর) ৬ বছরের জন্যে নির্বাচিত হন।

❖ **ইলেক্টোরাল ভোটের হিসাব:**

| | |
|---|---|
| সিনেট সদস্য প্রতি রাজ্যে ২টি করে | ৫০ × ২ = ১০০টি ভোট |
| হাউজ অব রিপ্রেজেন্টেটিভ সদস্যের ভোট | ৪৩৫ টি ভোট |
| ওয়াশিংটন ডিসির (DC) সদস্যের ভোট | ৩ টি ভোট |
| মোট | ৫৩৮টি ভোট |

## ডোনাল্ড ট্রাম্প

- ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫তম ও ৪৭তম প্রেসিডেন্ট।
- লাগাতার তিনটি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে প্রথম এবং তৃতীয় দফায় জয়লাভ করা দ্বিতীয় ব্যক্তি ডোনাল্ড ট্রাম্প।
- এছাড়া দুইবার অভিশংসিত হয়েও প্রথম পুনর্নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ট্রাম্পই যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি অপরাধে দণ্ডিত হন।
- ২০ জানুয়ারি ২০২৫ ডোনাল্ড ট্রাম্প যখন ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন, তখন তিনিই হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট।
- ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় আবার দেশটির 'ফাস্ট লেডি'র মর্যাদা পাচ্ছেন মেলানিয়া ট্রাম্প।
- প্রেসিডেন্ট হিসেবে জাতির উদ্দেশ্যে ভাষণ (স্টেট অব দ্যা ইউনিয়ন) দিবেন ২১ জানুয়ারি ২০২৫।
- **রচিত বই:** Save America, Letters to Trump, Our Journey Together, Great Again: How to Fix Our Crippled America

**ট্রাম্প প্রশাসন:**

| ক্যাটাগরি | নাম |
|---|---|
| **পররাষ্ট্রমন্ত্রী** | মার্কো রুবিও |
| **প্রতিরক্ষামন্ত্রী** | পিট হেগসেথ |
| **স্বাস্থ্যমন্ত্রী** | রবার্ট এফ কেনেডি জুনিয়র |
| **শিক্ষামন্ত্রী** | লিন্ডা ম্যাকমাহন |
| **বাণিজ্যমন্ত্রী** | হাওয়ার্ড লাটনিক |
| **অর্থমন্ত্রী** | স্কট ব্যাসেন্ট |
| **(CIA) পরিচালক** | জন র‍্যাটক্লিফ |
| **হোয়াইট হাউসের চিফ অব স্টাফ** | সুসি ওয়াইলস |
| **জাতীয় নিরাপত্তা উপদেষ্টা** | মাইকেল ওয়াল্টজ |

## ইলন মাস্ক

তিনি ডোনাল্ড ট্রাম্পের অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবে পরিচিত। ৬ নভেম্বর ২০২৪ ট্রাম্প ইলন মাস্ককে রিপাবলিকান পার্টির 'নতুন তারকা' হিসেবে আখ্যায়িত করেন। এরপর ১২ নভেম্বর ২০২৪ ডোনাল্ড ট্রাম্প Department of Government Efficiency (DOGE) বা সরকারি দক্ষতা বিভাগ নামে নতুন একটি বিভাগ তৈরি করে এর সহ-প্রধান হিসেবে মাস্ককে নিয়োগ দেন। বিভাগটিতে ইলন মাস্কের পাশাপাশি আরেক সহ-প্রধান হিসেবে থাকবেন সাবেক রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী বিবেক রামাস্বামী।

## বুকার ও ইন্টারন্যাশনাল বুকার পুরস্কার ২০২৪

| বিষয় | বুকার পুরস্কার | ইন্টারন্যাশনাল বুকার পুরস্কার |
|---|---|---|
| **পূর্বনাম** | ম্যান বুকার পুরস্কার | ----- |
| **চালু হয়** | ১৯৬৯ সালে | ২০০৫ সালে |
| **২০২৪ সালে লাভ করেন** | সামান্তা হার্ভে | জেনি এরপেনবেক (জার্মানি) |
| **যে গ্রন্থের জন্য লাভ করেন** | Orbital | কাইরোস |
| **গ্রন্থের বিষয়** | আন্তর্জাতিক মহাকাশকেন্দ্রে কাটানো যুক্তরাষ্ট্র, রাশিয়া, ইতালি, যুক্তরাজ্য এবং জাপানের ৬ মহাকাশচারীর জীবনের গল্প | ১৯৮০ এর দশকে পূর্ব বার্লিনে একজন বয়স্ক পুরুষের সাথে এক যুবতীর ধ্বংসাত্মক সম্পর্কের কাহিনী তুলে ধরা হয়েছে। |

## বাণিজ্য যুদ্ধের নতুন হাতিয়ার খনিজ পদার্থ

১ অক্টোবর ২০২৪ দুর্লভ খনিজ পদার্থের ওপর নিয়ন্ত্রণ জোরদার করতে চীন নতুন নির্দেশনা কার্যকর করে। চীনের বিরল খনিজ পদার্থের ওপর নির্ভরতার কারণে চ্যালেঞ্জের মুখে পড়েছে যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা। বিশ্বের দুর্লভ খনিজ পদার্থের ৯৫%-এর বেশি উৎপাদন করে চীন। যুক্তরাষ্ট্র, তাদের এসব পণ্য আমদানির ৮০% চীনের ওপর নির্ভর করে। অন্যদিকে ২৮ অক্টোবর ২০২৪ যুক্তরাষ্ট্র একটি নীতিমালা প্রকাশ করে যে, চীনের সেমিকন্ডাক্টর, মাইক্রো ইলেকট্রনিকস কোয়ান্টাম ইনফরমেশন টেকনোলজি ও কৃত্রিম বুদ্ধিমত্তাবিষয়ক অন্যান্য খাতসহ প্রযুক্তি প্রতিষ্ঠানের সঙ্গে কোনো মার্কিন ব্যক্তি বা প্রতিষ্ঠান লেনদেন করতে পারবে না। এ নিষেধাজ্ঞা ২ জানুয়ারি ২০২৫ থেকে কার্যকর হবে।

## রাশিয়া-উত্তর কোরিয়া প্রতিরক্ষা চুক্তি

১৯ জুন ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উন কৌশলগত অংশীদারত্বের চুক্তি (Comprehensive Strategic Partnership Treaty) স্বাক্ষর করেন। দুই দেশের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, তাদের মধ্যে কোনো একটি দেশে যদি সশস্ত্র আক্রমণ হয়, তাহলে এক দেশের সেনা অন্য দেশকে সাহায্য করবে। ৬ নভেম্বর ২০২৪ রাশিয়ার আইনসভার নিম্নকক্ষ ও উচ্চকক্ষ চুক্তিটির অনুমোদন দেয়। এরপর ৯ নভেম্বর ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন উত্তর কোরিয়ার সাথে দেশের কৌশলগত অংশীদারিত্বের চুক্তিতে স্বাক্ষর করেন। ১৩ নভেম্বর ২০২৪ উত্তর কোরিয়ার নেতা কিম জং উন ডিক্রি জারি করে রাশিয়ার সাথে প্রতিরক্ষা চুক্তির অনুমোদন দেন।

## সর্বশেষ ও পরবর্তী সম্মেলন

| সর্বশেষ সম্মেলন | | | | পরবর্তী সম্মেলন | | |
|---|---|---|---|---|---|---|
| সম্মেলনের নাম | কততম | স্থান | সময়কাল | কততম | স্থান | সময়কাল |
| BRICS | ১৬তম | কাজান, রাশিয়া | ২০২৪ | ১৭তম | ব্রাজিল | ২০২৫ |
| OIC | ১৫তম | বানজুল, গাম্বিয়া | ২০২৪ | ১৬তম | বাকু, আজারবাইজান | ২০২৬ |
| NAM | ১৯তম | কাম্পালা, উগান্ডা | ২০২৪ | ২০তম | উজবেকিস্তান | ২০২৭ |
| G-7 | ৫০তম | ইতালি | ২০২৪ | ৫১তম | আলবার্টা, কানাডা | ২০২৫ |
| D-8 | ১১তম | মিশর | ২০২৪ | ১২তম | - | ২০২৭ |
| G-20 | ১৯তম | রিওডি জেনেরিও, ব্রাজিল | ২০২৪ | ২০তম | জোহান্সবার্গ, দক্ষিণ আফ্রিকা | ২০২৫ |
| COP | ২৯তম | বাকু, আজারবাইজান | ২০২৪ | ৩০তম | বেলেম, ব্রাজিল | ২০২৫ |
| কমনওয়েলথ | ২৭তম | সামোয়া | ২০২৪ | ২৮তম | অ্যান্টিগুয়া এন্ড বারমুডা | ২০২৬ |
| BIMSTEC | ৫ম | কলম্বো, শ্রীলংকা | ২০২২ | ৬ষ্ঠ | ব্যাংকক, থাইল্যান্ড | ২০২৪ |
| NATO | ৭৫তম | ওয়াশিংটন, আমেরিকা | ২০২৪ | ৭৬তম | হেগ, নেদারল্যান্ডস | ২০২৫ |

- **ইন্টারপোলের সাধারণ অধিবেশন আয়োজন:**
  কততম: ৯২তম।
  সময়কাল: ৪- ৭ নভেম্বর ২০২৪।
  স্থান: গ্লাসগো, যুক্তরাজ্য।
- **বিশ্ব স্বাস্থ্য শীর্ষ সম্মেলন**
  সময়কাল: ১৩-১৫ অক্টোবর ২০২৪।
  স্থান: বার্লিন, জার্মানি।
  আয়োজক: জার্মানি, ফ্রান্স ও নরওয়ে।
  ২০০৯ সাল থেকে প্রতিবছর বার্লিনে বসছে স্বাস্থ্য খাতের শীর্ষ সম্মেলন।
- **APEC সম্মেলন**
  সময়কাল: ১৩-১৫ নভেম্বর ২০২৪।
  শীর্ষ নেতাদের বৈঠক: ১৫-১৬ নভেম্বর ২০২৪।
  স্থান: পেরু।

## মায়া সভ্যতার নতুন শহরের সন্ধান

২০২৪ সালে উত্তর আমেরিকার দেশ মেক্সিকোতে শতাব্দী ধরে লুকিয়ে থাকা মায়া সভ্যতার একটি শহরের সন্ধান পান টুলেন ইউনিভার্সিটির পিএইচডি শিক্ষার্থী লুক অউল্ড- থমাস। 'ভ্যালেরিয়ানা' নামে পরিচিত এ শহরে পিরামিড, খেলার মাঠ, প্রশস্ত পথ এবং অ্যাম্ফিথিয়েটারসহ বিভিন্ন স্থাপনা পাওয়া যায়।

## AI-এর মাধ্যমে 5G পরীক্ষা

১৩ নভেম্বর ২০২৪ গ্রাফিকস কার্ড ও চিপ নির্মাতা প্রতিষ্ঠান এনভিডিয়া ও জাপানের সফটব্যাংক পরীক্ষামূলকহারে বিশ্বের প্রথম এআই ও ৫জি (পঞ্চম প্রজন্ম বা 5G) টেলিযোগাযোগ নেটওয়ার্কের পরীক্ষা করে। কৃত্রিম বুদ্ধিমত্তা রেডিও অ্যাক্সেস নেটওয়ার্কের (AI-RAN) কাজের জন্য এটি তৈরি করা হয়। দ্রুতগতির এ নেটওয়ার্কের মাধ্যমে দূর থেকে গাড়ি চালানো ও রোবট বিজ্ঞানের বিভিন্ন কৌশল নিয়ন্ত্রণ করা যাবে।

## প্রথম কৃষ্ণাঙ্গ কনজারভেটিভ নেতা

২ নভেম্বর ২০২৪ যুক্তরাজ্যে কনজারভেটিভ পার্টির নতুন নেতা নির্বাচিত হন **"কেমি বেইডনক"**। তিনি দেশটির বড় রাজনৈতিক দলের ইতিহাসে প্রথম কোনো কৃষ্ণাঙ্গ নারী দলপ্রধান। এছাড়া কনজারভেটিভ পার্টির চতুর্থ নারী দলপ্রধান। যুক্তরাজ্যে কনজারভেটিভ পার্টির নেতা হলো দলের সর্বোচ্চ পদ। নাইজেরীয় বংশোদ্ভূত কেমির পুরো নাম ওলুকেমি ওলুফুন্তো আদেগোকে বেইডনক।

## চীনে ভিসামুক্ত ৯ দেশ

১ নভেম্বর ২০২৪ চীন তার ভিসামুক্ত নীতি আরও ৯টি দেশে প্রসারিত করে। শর্তসাপেক্ষে এ দেশগুলোকে ভিসা ছাড়াই ১৫ দিন পর্যন্ত চীনে ব্যবসা, পর্যটন, পারিবারিক পরিদর্শন বা ট্রানজিটের জন্য সুবিধা দেওয়া হয়। দেশগুলো হলো- **স্লোভাকিয়া, নরওয়ে, ফিনল্যান্ড, ডেনমার্ক, অ্যান্ডোরা, আইসল্যান্ড, মোনাকো, লিচেনস্টাইন ও দক্ষিণ কোরিয়া**। ৮ নভেম্বর ২০২৪ থেকে এ সুবিধা কার্যকর হয় এবং এ নীতি ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত কার্যকর থাকবে।

## জলবায়ু সম্মেলন (COP)-2024

COP'র পূর্ণরূপ: Conference of the Parties

- সময়কাল: ১১-২৩ নভেম্বর ২০২৪
- আয়োজক: UNFCCC
- স্থান: বাকু, আজারবাইজান
- সম্মেলনের সভাপতি: ইলহাম অলিয়েভ (আজারবাইজান)
- অংশগ্রহণকারী দেশ ও অঞ্চল: প্রায় ২০০
- অর্জন:
  - ✓ COP29 সম্মেলনে বৈশ্বিক পরিবর্তন মোকাবিলায় ধনী দেশগুলো তাপ নির্গমন কমাতে ৩০০ বিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদান করার প্রতিশ্রুতি নেয়।
  - ✓ **কার্বন ক্রেডিট চুক্তি:** চুক্তি অনুযায়ী, বৃক্ষরেনাপণ ও বায়ুবিদ্যুৎ উৎপাদনের মতো নানা প্রকল্প হাতে নেবে দরিদ্র দেশগুলো। এভাবে প্রতি একটন কার্বন ডাই-অক্সাইড বা গ্রিনহাউস গ্যাস নিঃসরণ কমানোর বিনিময়ে একটি 'কার্বন ক্রেডিট' পাবে তারা। বৈশ্বিক একটি বাজার থেকে অর্থের বিনিময়ে ওই 'ক্রেডিট' কিনতে পারবে বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠান। প্রতিটি 'ক্রেডিট' কিনলে তারা এক টন কার্বন নিঃসরণের অনুমতি পাবে।
  - ✓ **জি জিরো:** ১০ নভেম্বর ২০২৪ বিশ্বের ৪টি ছোট কার্বন নেতিবাচক দেশ এক হয়ে গঠন করে 'জি জিরো' ফোরাম। COP29 সম্মেলনে গঠিত এ ফোরামে রয়েছে ভুটান, মাদাগাস্কার, পানামা এবং সুরিনাম। দেশগুলো জলবায়ু সুরক্ষার যুদ্ধকে এগিয়ে নিতে সমন্বিতভাবে কাজ করতে একটি যৌথ ঘোষণা দেয়।

## ৪০০০ বছরের পুরানো শহর

সম্প্রতি সৌদি আরবের একটি মরূদ্যানে ৪০০০ বছরের পুরানো এক শহরের সন্ধান পাওয়া যায়। উত্তর-পশ্চিম সৌদিতে পাওয়া এ প্রাচীন শহরের নাম আল-নাতাহ। প্রাচীনকালেও এ অঞ্চলে সভ্যতা ছিল উন্নত প্রাচীন এ শহরে ছিল ৫০০টির বেশি বাড়ি। শহরটিতে একটি মন্দিরের ধ্বংসাবশেষ, ব্রোঞ্জের তৈরি কুঠার ও ছোরা, তৈজসপত্র, চীনামাটির তৈরি পাত্র এবং মূল্যবান রত্নপাথর পাওয়া যায়। সৌদি ও ফ্রান্সের একদল প্রত্নতাত্ত্বিকের যৌথ প্রচেষ্টায় ধ্বংসাবশেষটি উদ্ধার হয়। এক্ষেত্রে দলটির নেতৃত্বে ছিলেন ফ্রান্সের বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ গিলাম শার্লো।

## আন্তর্জাতিক সংস্থার সর্বশেষ সদস্য

| সংস্থার নাম | তম | সদস্য দেশ |
|---|---|---|
| IFAD | ১৭৯ | ইউক্রেন |
| IMF | ১৯১ | লিচেনস্টাইন |
| IDA | ১৭৫ | সুরিনাম |
| ICC | ১২৫ | ইউক্রেন |
| ACU | ১১ | মরিশাস |
| NAM | ১২১ | দক্ষিণ সুদান |
| OPEC | ১২ | কঙ্গো প্রজাতন্ত্র |
| ASEAN | ১১ | তিমুর লিসত |
| NATO | ৩২ | সুইডেন |
| WTO | ১৬৬ | পূর্ব তিমুর |
| PCA | ১২৪ | পূর্ব তিমুর |
| ICSID | ১৬৬ | নিরক্ষীয় গিনি |
| WHO | ১৯৪ | দক্ষিণ সুদান |
| SCO | ১০ | বেলারুশ |
| NDB | ৯ | আলজেরিয়া |
| G 20 | ২১ | আফ্রিকান ইউনিয়ন |
| INTERPOL | ১৯৬ | পালাউ |
| SCHENGEN | ২৯ | বুলগেরিয়া |
| EURO ZONE | ২০ | ক্রোয়েশিয়া |

## এক নজরে

- ৪ অক্টোবর ২০২৪ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) একক ডোজের চতুর্থ Human Papillomavirus (HPV)-এর টিকা 'সেকোলিন' (Cecolin) জনসাধারণের মাঝে ব্যবহারের জন্য অনুমোদন দেয়। এ টিকা তৈরি করে চীনের ইনোভ্যাক্স কোম্পানি।
- ২৩ অক্টোবর ২০২৪ যুক্তরাজ্য ও জার্মানি 'ট্রিনিটি হাউস চুক্তি' (Trinity House Agreement) নামে নতুন প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করে।

- সম্প্রতি বিশ্বের সবচেয়ে শক্তিশালী চুম্বক তৈরি করেন চীনের বিজ্ঞানীরা, যার সক্ষমতা পৃথিবীর চৌম্বক ক্ষেত্রের আট লাখ।
- ৩০ অক্টোবর ২০২৪ মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে ভারতের সঙ্গে সরাসরি বিদ্যুৎ সংযোগ স্থাপনের চুক্তি করে সৌদি আরব।
- ৫ নভেম্বর ২০২৪ ইউরোপের দেশ আয়ারল্যান্ড প্রথমবারের মতো ফিলিস্তিনে রাষ্ট্রদূত নিয়োগের অনুমোদন দেয়।
- ২৯ অক্টোবর ২০২৪ তুরস্কের প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান **'স্টিল ডোম'** চালুর ঘোষণা দেন।
- ১১ নভেম্বর ২০২৪ পৃথক দুই রাষ্ট্র গঠনের মাধ্যমে ফিলিস্তিন সংকটের সমাধানের লক্ষ্যে সৌদি আরবের রাজধানী রিয়াদে বৈঠকে বসেন আরব লিগ ও ইসলামি সহযোগিতা সংস্থার (OIC) শীর্ষ নেতারা।
- ভারতের বেঙ্গালুরুতে বিমসটের এন্যার্জির সেটার প্রতিস্থিত হবে।
- ২৮ অক্টোবর ২০২৪ সামরিক বিমান তৈরির জন্য ভারতে প্রথম বেসরকারি কারখানা উদ্বোধন করা হয়।
- ১৬ নভেম্বর ২০২৪ ভারত প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায়।
- ৩০ অক্টোবর ২০২৪ কানাডা তাদের সাইবার হুমকি নিরূপণ প্রতিবেদন ২০২৫-২৬ প্রকাশ করে। সেখানে ভারতকে 'সাইবার প্রতিপক্ষ' হিসেবে অ্যাখ্যায়িত করে
- ২৩ অক্টোবর ২০২৪ নেচার জার্নালে প্রকাশিত এক গবেষণায় বর্ণনা করা হয় ইউরোপীয় স্পেস এজেন্সির। জ্যোতির্বিজ্ঞানীরা একটি অবিশ্বাস্য আবিষ্কার করেন। প্রথমবারের মতো দুটি তারকাযুক্ত নতুন কৃষ্ণগহ্বরের সন্ধান পান তারা।
- দক্ষিণ আমেরিকার দেশ চিলিতে খোলা আকাশের নিচে জ্যোতির্বিজ্ঞানের জন্য স্থাপন করা হয়েছে সবচেয়ে বড় ডিজিটাল ক্যামেরা।
- ৪ নভেম্বর ২০২৪ মহাকাশের কক্ষপথে ১৯২ দিনের অভিযান শেষ করে দেশে ফিরে আসেন তিন চীনা নভোচারী। সঙ্গে করে নিয়ে আসেন ৩৪.৬ কেজির সমপরিমাণ স্পেস স্যাম্পল বা নমুনা।
- ২০২৪ সালে চীনের বিজ্ঞানীরা মাইক্রোওয়েভ বিকিরণের মাধ্যমে পৃথিবীর কক্ষপথে থাকা শত্রুদের স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ ধ্বংস করার ক্ষমতা সম্পন্ন একটি নতুন অস্ত্র তৈরি করেন।
- জাতিসংঘের ফিলিস্তিনি শরনার্থীবিষয়ক সংস্থার (UNRWA) কার্যক্রম নিষিদ্ধ করে ইসরায়েলি পার্লামেন্ট নেসেটে বিতর্কিত বিল পাস হয়।
- ইসরায়েলের সঙ্গে স্বাক্ষরিত অস্ত্র চুক্তি বাতিল করে স্পেন।
- ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের হারানো বিশেষ মর্যাদা ফেরাতে রাজ্যের বিধানসভায় এক প্রস্তাব গৃহীত হয়।
- ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী হিসেবে শপথ নেন ইসরাইল ক্যাটজ।
- ভারতে সুপ্রিম কোর্টের সাত সদস্যের সাংবিধানিক বেঞ্চ আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের 'সংখ্যালঘু' মর্যাদা ফিরে পেতে রায় দেন।
- সৌদি আরবের রিয়াদে আরব লিগ ও ইসলামী সহযোগিতা সংস্থার যৌথ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।
- ইন্দোনেশিয়ার বালিতে পাঁচ দিনব্যাপী যক্ষ্মা ও ফুসফুসের রোগবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন শেষ হয়।
- যুক্তরাষ্ট্রের সরবরাহ করা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহার করে রাশিয়ার ভূখণ্ডে হামলা চালানোর জন্য ইউক্রেনকে অনুমতি দেয় মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন— ১৭ নভেম্বর ২০২৪।
- সর্বাত্মক যুদ্ধ শুরুর ১০০০তম দিনে যুক্তরাষ্ট্রের সরবরাহ করা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র দিয়ে প্রথমবারের মতো রাশিয়ার ভূখণ্ডে হামলা চালায় ইউক্রেন।
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধে রুশ বাহিনীকে পরমাণু অস্ত্র ব্যবহারের অনুমতি দেন প্রেসিডেন্ট ভাদিমির পুতিন।
- ইরাকে দীর্ঘ ৪০ বছর পর কারফিউ জারি করে দুই দিনব্যাপী আদমশুমারি শুরু হয়।
- ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC)।
- 'বিটকয়েন' কোন দেশের অফিশিয়াল মুদ্রা — এল সালভাদর।
- বিশ্বের প্রথম কাঠ দিয়ে তৈরি স্যাটেলাইট বা উপগ্রহের নাম — LignoSat.
- বিশ্বের প্রথম কাঠ দিয়ে স্যাটেলাইট তৈরি করে– জাপান।
- জাতিসংঘ ঘোষিত নারী-কৃষকদের আন্তর্জাতিক বর্ষ — ২০২৬।
- জাতিসংঘ ঘোষিত টেকসই এবং স্থিতিস্থাপক পর্যটনের আন্তর্জাতিক বর্ষ — ২০২৭।
- ভিজ্যুয়াল ক্যাপিটালিস্ট-এর তথ্য অনুসারে প্রাকৃতিক সম্পদে শীর্ষ ধনী দেশ — রাশিয়া।
- Army Tactical Missile System (ATACMS) তৈরী করে — যুক্তরাষ্ট্র।
- ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে — কায়রো, মিসর।
- ২০২৬ সালে ২৮তম কমওয়েলথ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে— অ্যান্টিগুয়া এন্ড বারমুডা।
- সম্প্রতি রশ্মি দিয়ে মহাকাশের স্যাটেলাইট ধ্বংস করতে সক্ষম ক্ষেপণাস্ত্র আবিষ্কার করে — চীন।
- ভারতের প্রথম বেসরকারি সামরিক বিমান কারখানায় যৌথভাবে ভারত ও স্পেন কোন ধরনের বিমান তৈরি করে— সি-২৯৫ সামরিক বিমান।
- ১৮ নভেম্বর ২০২৪ শ্রীলংকার প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নিয়োগ পান— হরিণী আমারাসুরিয়াক।
- ভুটানের নেতৃত্বে গঠিত কার্বন নিঃসরণ কমাতে নতুন ফোরামের নাম— জি-জিরো।
- সম্প্রতি আফগানিস্তানের সাথে পুনরায় সরাসরি মালবাহী ট্রেন চলাচল শুরু করে — চীন।
- চীনের প্রথম ও সর্বকনিষ্ঠ নারী হিসেবে মহাকাশে পৌঁছান — ওয়াং হাওজেও।
- যুক্তরাষ্ট্রের রাজনীতিতে 'গ্র্যান্ড ওল্ড পার্টি' নামে পরিচিত — রিপাবলিকান পার্টি।

- আন্তর্জাতিক ভূমি মাইন নিষিদ্ধকরণ (ICBL) প্রকাশিত গবেষণা অনুযায়ী ভূমিমাইনের সর্বাধিক ব্যবহার হয় — মিয়ানমার।
- 'দাহিয়া ডকট্রিন' — দাহিয়া ডকট্রিন হলো ব্যাপক ও অসম শক্তি প্রয়োগ এবং বেসামরিক লোকজন ও স্থাপনার ওপর ইচ্ছাকৃত হামলার ইসরায়েলি রণনীতি।
- ২০২৪ সালের আন্তর্জাতিক শিশু পুরস্কার লাভ করে— আফগানিস্তানের নিলা ইব্রাহিমি।
- ACC Emerging Teams Asia Cup 2024-এ চ্যাম্পিয়ন হয় — আফগানিস্তান।
- ৪৭ অক্টোবর ২০২৪ যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত অর্থ ও বাণিজ্যবিষয়ক বিখ্যাত সাময়িকী ফোর্বস ২০২৪ সালে সবচেয়ে বেশি আয় করা ফুটবলারদের তালিকা প্রকাশ করে। সর্বোচ্চ আয় করা ৩ ফুটবলার- প্রথম ক্রিশ্চিয়ানো রোনালদো, দ্বিতীয় লিওনেল মেসি ও তৃতীয় নেইমার।
- বিশ্বের কনিষ্ঠতম হিসেবে ফিদে রেটিং পেয়ে বিশ্বরেকর্ড করেন তিন বছর আট মাস ১৮ দিন বয়সি অনিশ সরকার।

# খেলাধুলা

## ২১ বছরের রেকর্ড ভাঙলেন জাকের-মিরাজ

২৩ অক্টোবর ২০২৪ মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে দক্ষিণ। আফ্রিকার বিপক্ষে দ্বিতীয় ইনিংসে। জাকের আলী অনিক ও মেহেদী হাসান মিরাজ গড়েন ১৩৮ রানের জুটি। টেস্টে এটি দক্ষিণ আফ্রিকার বিপক্ষে বাংলাদেশের সর্বোচ্চ রানের জুটি।

## ৩ বাংলাদেশির কীর্তি

**৬ হাজারি ক্লাবে প্রথম বাংলাদেশি:**
প্রথম বাংলাদেশি ব্যাটার হিসেবে টেস্ট ক্রিকেটে ৬ হাজারি ক্লাবে নাম লেখান মুশফিকু রহিম।

**সেরা একাদশে নিগার:**
আইসিসি নারী টি-২০ বিশ্বকাপে ব্যক্তিগতভাবে উজ্জ্বল ছিলেন বাংলাদেশের অধিনায়ক নিগার সুলতানা। ব্যাট হাতে ১০৪ রান করার পাশাপাশি উইকেটের পেছনে দাঁড়িয়েও ভালো পারফর্ম করেন। এতেই বিশ্বকাপের সেরা একাদশে স্থান পান নিগার সুলতানা।

**তাইজুলের কীর্তি:**
সাকিবের পর বাংলাদেশের দ্বিতীয় বোলার হিসেবে টেস্টে ২০০ উইকেটের মাইলফলক স্পর্শ করেন বাঁহাতি স্পিনার তাইজুল।

## কয়েকটি উল্লেখযোগ্য খেলার পরবর্তী আসর

**বিশ্ব অলিম্পিক**

| সাল | তম | স্থান |
|---|---|---|
| ২০২৮ | ৩৪ তম | লস এ্যাঞ্জেলস, যুক্তরাষ্ট্র |
| ২০৩২ | ৩৫তম | ব্রিসবেন, অস্ট্রেলিয়া |

**বিশ্বকাপ ফুটবল**

| সাল | তম | স্থান |
|---|---|---|
| ২০২৬ | ২৩ তম | USA, কানাডা, মেক্সিকো |
| ২০৩০ | ২৪ তম | আর্জেন্টিনা, উরুগুয়ে, প্যারাগুয়ে, স্পেন, পর্তুগাল ও মরোক্কো। (দক্ষিণ আমেরিকা, ইউরোপ ও আফ্রিকা মহাদেশে অনুষ্ঠিত হবে)। |
| ২০৩৪ | ২৫তম | সৌদি আরব |

বি:দ্র: বর্তমানে বিশ্বকাপ ফুটবলে অংশগ্রহণ করে ৩২টি দেশ। ২০২৬ সাল থেকে ৪৮টি দেশ অংশগ্রহণ করবে।

**বিশ্বকাপ ক্রিকেট**

| সাল | তম | স্থান |
|---|---|---|
| ২০২৭ | ১৪ তম | দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে, নামিবিয়া। |
| ২০৩১ | ১৫ তম | ভারত, বাংলাদেশ |

**টি-২০ বিশ্বকাপ ক্রিকেট**

| সাল | তম | স্থান |
|---|---|---|
| ২০২৬ | ১০ম | ভারত, শ্রীলংকা |
| ২০২৮ | ১১তম | অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড |
| ২০৩০ | ১২তম | ইংল্যান্ড, আয়ারল্যান্ড, স্কটল্যান্ড |

**আইসিসি চ্যাম্পিয়ন ট্রফি**

| সাল | তম | স্থান |
|---|---|---|
| ২০২৫ | ৯ম | পাকিস্তান |
| ২০২৯ | ১০ম | ভারত |